# এশিয়া কর্মশালা (ওয়ার্কশপ):

## IYAFA 2022– টেকসই এবং ন্যায়সঙ্গত ক্ষুদ্রায়তন মৎস্যখাত উদযাপন

**প্রথম অধিবেশন : ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের জন্য সম্পদে প্রবেশাধিকার**

মৎস্য খাতের ক্ষেত্রে, 'প্রবেশাধিকার' শব্দটি দ্বারা বিদ্যমান সম্পদ থেকে উপকৃত হওয়ার বা সেই সম্পদ ব্যবহার করার অধিকার বা সুযোগ, বা মৎস্যজীবী সম্প্রদায়ের জীবন ও জীবিকার সাথে সম্পৃক্ত একটি অঞ্চল থেকে উপকৃত হওয়ার সুযোগ বা তা ব্যবহার করার সুযোগ পাওয়াকে বোঝায় ।

এটি 'ওপেন অ্যাকসেস' বা উন্মুক্ত প্রবেশাধিকার হতে পারে। এটি সামুদ্রিক বা অভ্যন্তরীণ মৎস্য সম্পদ থেকে উপকৃত হওয়ার বা তা ব্যবহার করার সুযোগ, কিন্তু এটি কোনও আইনি বা প্রাতিষ্ঠানিক ঐতিহ্যগত বা প্রথাগত প্রতিষ্ঠানের কাঠামোর উপর ভিত্তি করে না।

অন্য দিকে, প্রবেশাধিকার 'ব্যবহারের অধিকার' হতে পারে, যখন এটি প্রতিষ্ঠিত হয় একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর (ঐতিহ্যগত, প্রথাগত বা আনুষ্ঠানিক আইন), যা কোনও ব্যক্তি বা জনসমষ্ঠিকে জমি এবং মৎস্য সম্পদের সুবিধা গ্রহণ বা তা ব্যবহার করার অধিকার প্রদান করে, এবং সেই অধিকারের সুরক্ষা দেয়।

Voluntary Guidelines on the Responsible Governance of Tenure of Land, Fisheries and Forests in the Context of National Food Security (VGGT) নামের জাতিসংঘের বিশেষ নির্দেশিকা অনুযায়ী ব্যবহারের অধিকার বা টেনিউর সিস্টেম বিদ্যমান সম্পদ ব্যবহারের অধিকারগুলিকে সংজ্ঞায়িত করেছে। কিভাবে নারী-পুরুষ মৎস্যজীবী এবং মৎস্য শ্রমিকরা ভূমি, জল বা বিদ্যমান জলজ সম্পদের অধিকার অর্জন করতে পারে এবং কে এই সম্পদগুলি কতদিন এবং কোন পরিস্থিতিতে ব্যবহার করতে পারে তা এই নির্দেশিকা উল্লেখ করে দিয়েছে। ব্যবহারের অধিকার বা স্বত্বাধিকারের সাথে সম্পর্কিত অধিকার এবং দায়িত্বের বিষয়ে VGGT স্বত্বাধিকার বা ব্যবহারের অধিকারটিকে দায়িত্বশীলতার সাথে ব্যবস্থাপনা নিশ্চিত করতে চায়, কারণ ভূমি ও বনের পাশাপাশি মৎস্য চাষকে মানবাধিকার, খাদ্য নিরাপত্তা, দারিদ্র্য দূরীকরণ, টেকসই জীবিকা, সামাজিক স্থিতিশীলতা, আবাসন সুরক্ষা ও গ্রামীণ উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা হয় (অনুচ্ছেদ ৪.১)।

মৎস্য আহরণের প্রেক্ষাপটে সম্পদের ব্যবহারের অধিকারের উপাদানগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: একজন ব্যক্তি বা সম্প্রদায়ের অনুমোদিত উপকরণ ব্যবহার করার অধিকার (যান্ত্রিক হোক বা না হোক) এবং যন্ত্রপাতি (যেমন স্টেশনারি, ঘেরা দেওয়ার উপকরণ), একটি নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট সম্পদ সংস্থানের লক্ষ্যে নির্দিষ্ট জলাভূমি/এলাকা ইত্যাদি। এটি অলিখিত রীতিনীতি বা স্থানীয় সম্প্রদায়ের আচরণবিধির উপর ভিত্তি করে হতে পারে; সমবায় বা সমিতির নিয়ম; রাষ্ট্রের নিয়ম; অথবা লাইসেন্স/পারমিট। যদিও স্বত্বাধিকার কিছু উপাদান নির্দিষ্ট ভৌগোলিক প্রেক্ষাপটে ভালভাবে বিকশিত হয়, অন্যগুলি দুর্বলভাবে বিকশিত হয়।

এটি লক্ষ্য করা যেতে পারে যে টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) ১৪বি-'সামুদ্রিক সম্পদ এবং বাজারে ছোট আকারের কারিগর মৎস্যজীবীদের প্রবেশাধিকার প্রদান' - আংশিকভাবে সামুদ্রিক প্রেক্ষাপটে ব্যবহারের অধিকারের তাৎপর্যকে তুলে ধরে।

ভূমি ব্যবহারের অধিকারের মধ্যে মৎস্যজীবী সম্প্রদায়ের জন্য ভূমির অস্থায়ী ও স্থায়ীভাবে অন্তত আবাসন এবং অন্যান্য সুযোগ-সুবিধা, মাছ ধরা, মাছ প্রক্রিয়াকরণ এবং বিপণন পরিচালনার অধিকার অন্তর্ভুক্ত থাকতে পারে।

এসএসএফ নির্দেশিকা অনুসারে ব্যবহারের অধিকারের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে রাষ্ট্রীয় এখতিয়ারভুক্ত জলাভূমিতে শুধুমাত্র ক্ষুদ্র মৎস্যজীবীদের জন্য বিশেষ অঞ্চল তৈরি করে, প্রান্তিক জনগোষ্ঠীকে বিশেষ সুবিধা দেওয়ার জন্য অগ্রাধিকারমূলক প্রবেশাধিকার প্রদান করার বিষয়টি থাকতে পারে।

যদিও ভূমি ও সংলগ্ন জলাশয়ের মালিকানা বা ব্যবহার স্বত্বের উপর উপকূল-ভিত্তিক বা নদী তীরবতী মালিক এবং তাদের পরিবারের কাছে অত্যধিক আগ্রহের বিষয়, তবে সামুদ্রিক এবং অভ্যন্তরীণ মৎস্য সম্পদের পাশাপাশি উপকূল এবং নদীতীরবতী অঞ্চলগুলির ব্যবহারস্বত্ব বিদ্যমান ব্যবস্থাপনা সম্পূর্ণরূপে অপর্যাপ্ত। এগুলো বাইরের নানা হুমকি, এবং বেশিরভাগ জায়গায়  স্থানীয় ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের অধিকার রক্ষার একটি ব্যবস্থা হিসাবে কাজ করার জন্য এখনও সম্পূর্ণরূপে বিকশিত হয়নি। এটি একটি চ্যালেঞ্জ যা মোকাবেলা করা বাকি।

**দলীয় আলোচনার জন্য প্রশ্ন:**

১. মৎস্যখাত বিষয়ক মূল্য সংযোজন বা ভ্যালু চেইন সংশ্লিষ্ট কার্যক্রমের জন্য আপনি কি প্রয়োজনীয় আবাসন এবং অন্যান্য ভূমি সম্পদ জন্য ব্যক্তিগতভাবে এবং সম্মিলিতভাবে ব্যবহারের অধিকার ভোগ করেন? কিভাবে এই অধিকারগুলো নারী ও পুরুষ উভয়ের জন্য আরও ন্যায়সঙ্গত ও সুরক্ষিত করা যায়?

২. নারী ও পুরুষ মৎস্যজীবী ও মৎস্য প্রক্রিয়াজাতকারক হিসেবে আপনি কি মৎস্য সম্পদ, উপকূল ও নদী তীরবতী অঞ্চলে সম্পদ-ভূমি ব্যবহারের অধিকার ভোগ করেন? এগুলো কি আনুষ্ঠানিক অধিকার? নাকি ঐতিহ্যগত/প্রাচীন /প্রথাগত অধিকার? সম্পদ ভূমি ব্যবহারের অধিকার কি স্থানীয়  জলজ এবং উপকূলীয় বাস্তুতন্ত্র পুনরুদ্ধার, সংরক্ষণ, সুরক্ষা এবং সহ-পরিচালনা করার ক্ষেত্রে ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের ভূমিকাকে স্বীকৃতি দেয়?

৩. ভূমি বা জলাশয়ে প্রবেশাধিকার নিশ্চিত করার ক্ষেত্রে ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়গুলি কী ধরণের হুমকির সম্মুখীন হচ্ছে? ব্যবহারের অধিকারগুলি কিভাবে হুমকিগুলি মোকাবেলায় সক্ষম?

৪. ভূমি ও জলাশয় থেকে ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়গুলিকে নির্বিচারে উচ্ছেদ এবং সেই ভূমি বা জলাশয় ব্যবহার অধিকারের অবসানের ঘটনা আছে কি?

৫. প্রাকৃতিক দুর্যোগ বা সংঘাতের কারণে বাস্তুচ্যুত ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়গুলি ঐতিহ্যবাহী মাছ ধরার জায়গা এবং উপকূলীয়  জমিতে প্রবেশাধিকার পুনরুদ্ধার করার উদ্যোগ আছে কি?

৬. বড়  আকারের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের আগে ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের সঙ্গে অর্থপূর্ণ পরামর্শ করা হয় কি? সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত প্রভাব সমীক্ষায় কি এই ধরনের আলোচনার ফলাফল প্রতিফলিত হয়?

৭. ভূমি বা জলাশয় ব্যবহারের অধিকার নিয়ে বিরোধ নিষ্পত্তি করার জন্য এবং পুনরুদ্ধার বা ক্ষতিপূরণ প্রাপ্যতা নিশ্চিত করার জন্য কি কার্যকর ব্যবস্থা আছে?